# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৫. ৩. ফুর্তিতে মাতাল হওয়ার জন্য আঙ্গুরের রস পান করুন

আঙ্গুর রসে মানুষের হৃদয় ফুর্তিতে ভরে যায় বা ফুর্তিতে মাতাল হয়ে উঠে! (২ শমুয়েল ১৩/২৮; ইষ্টের ১/১০; গীতসংহিতা/জবুর ১০৪/১৫; উপদেশক/ হেদায়েতকারী ১০/১৯; জাকারিয়া/সখরিয় ১০/৭)। পাঠক বুঝতে পারেন না কিভাবে তা হয়! আমরা যখন আঙ্গুরের জুস পান করি তখন কোনোই ‘ফুর্তি’ হয় না!

পাঠক পড়বেন: “যাদের মনে খুব কষ্ট আছে তাদের আঙ্গুর রস দাও। তারা তা খেয়ে তাদের অভাবের কথা ভুলে যাক, তাদের দুঃখ কষ্ট আর তাদের মনে না থাকুক” (মেসাল/ হিতোপদেশ ৩১/৬-৭)। পাঠক আরও পড়বেন: “আমি স্বজ্ঞানে আঙ্গুর রস খেয়ে শরীরকে উত্তেজিত করলাম এবং নির্বোধের মত কাজ করে নিজেকে খুশী করবার চেষ্টা করলাম।” (উপদেশক/ হেদায়েতকারী ২/৩) পাঠক হতবাক হয়ে ভাববেন, আঙ্গুরের রস খেলে কিভাবে মানুষ দুঃখকষ্টের কথা ভুলে যেতে পারে? আঙ্গুরের রস খাওয়ার মধ্যে নির্বুদ্ধিতাই বা কী? আর আঙ্গুরের রস খেলে শরীরই বা কিভাবে উত্তেজিত হয়?

Source — https://www.hadithbd.com/books/link/?id=13857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন